দৈনিক ইত্তেফাক

তারিখ 18 SEP 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা দিবস পালিত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শুক্রবার) যথাযোগ্য মর্যাদায় মহান শিক্ষা দিবস পালন করা হয়। এই উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথক কর্মসূচী

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষা দিবস

( ১ম পৃঃ পর)

গ্রহণ করে। ছাত্রলীগ (ম-ই) মহান শিক্ষাদিবসের বীর শহীদদের স্মরণে সকাল ৯টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে এবং সংগঠনের সাধারণ সম্পাদক ইকবালুর রহিমের নেতৃত্বে নেতা-কর্মীরা শপথ গ্রহণ করে। ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণের পর এক সমাবেশে গণমুখী ও বিজ্ঞান ভিত্তিক শিক্ষানীতি বাস্তবায়নের দাবী জানায়। ছাত্র মৈত্রীর আলোচনা সভায় ছাত্র সমাজের ১০ দফা আদায় করিয়া সবার জন্য শিক্ষা অর্জনের আন্দোলন বেগবান করার আহ্বান জানান হয়।

গণতান্ত্রিক ছাত্র কেন্দ্রের আলোচনা সভায় বলা হয়, বর্তমান সরকার শিক্ষাকে পণ্য করার ষড়যন্ত্র হিসাবে বেসরকারী বিশ্ববিদ্যালয়, মেডিক্যালসহ বৈষম্যমূলক শিক্ষারই প্রচার ও প্রসার ঘটাইতেছে। সভায় সার্বজনীন বিজ্ঞান ভিত্তিক গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা চালুর দাবী জানাইয়া বলা হয়, ছাত্র সমাজের ১০ দফার প্রশ্নে কোন বিকল্প নাই। ছাত্র ঐক্য ফোরাম বিক্ষোভ মিছিল ও ছাত্র সমাবেশের আয়োজন করে। সমাবেশে ছাত্র সমাজের ১০ দফা দাবী বাস্তবায়নের মাধ্যমে অগণতান্ত্রিক শিক্ষানীতিকে প্রতিহত করার আহ্বান জানান হয়। সমাজবাদী ছাত্র জোটের কেন্দ্রীয় কমিটির বৈঠকে বলা হয়, ক্ষমতাসীন সরকার ছাত্রদের ১০ দফা দাবী পূরণ করে নাই। তিন জোটের অঙ্গীকার ভঙ্গ করিয়াছে। শিক্ষাঙ্গনে সন্ত্রাস অব্যাহত। উদ্ভূত পরিস্থিতিতে ছাত্র আন্দোলন জোরদার করা ছাড়া কোন বিকল্প নাই। জাতীয় ছাত্র সমাজের আলোচনা সভায় বর্তমান শিক্ষা ব্যবস্থা বাতিল করিয়া গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু করার দাবী জানান হয়।